I 15416/19

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

F 190694

The document is admitted to registration. The endorsement sheets and the signature sheet attached with this deed are part of the document.

Registrar, Malda
U/s 7(2) of the Registration Act.

06 NOV 2019

**খোষকোবালা**

মূল্য- ১,৩০,৪৩৫ টাকা
পরিমাণ- ২.৫ শতক
মৌজা - উত্তর যদুপুর
থানা - ইংরেজবাজার
জেলা - মালদহ।

<u>গ্রহীতা</u> ঃ- **১) শ্রীমতি ললিতা বাঁঠিয়া,** স্বামী - শ্রী প্রবীন কুমার বাঁঠিয়া, **PAN -ADAPB6719J, (২) শ্রীমতি ঋতু বাঁঠিয়া,** স্বামী - শ্রী আকাশ বাঁঠিয়া, **PAN - ATUPB4412G,** উভয়ের জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, উভয়ের সাং - রংমহল লেন, থানা - ইংরেজবাজার, পোঃ ও জেলা - মালদহ (উভয়েই ভারতীয় নাগরিক)।

<u>দাতা</u> ঃ- **শ্রী রাজেন্দ্র নাথ লাহিড়ী,** পিতা - স্বর্গীয় সুরেন্দ্র নাথ লাহিড়ী, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - গৌড় রোড, পোঃ - মকদুমপুর, থানা - ইংরেজবাজার, জেলা - মালদহ (ভারতীয় নাগরিক)।

(অপর পৃষ্ঠা ২)

কস্য রায়তি স্থিতিবান স্বত্বের ভূ-সম্পত্তি বিক্রয়ের খোষকোবালা পত্র মিদং লিখিতং কার্য্যাঞ্চাগে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা আমি গত ইংরেজী ১৯৯৭ সালে মালদহ এ.ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রীকৃত ৭৭১৫ নম্বর কোবালা দলিল মূলে ৪.৫ শতক সম্পত্তি খরিদ করিয়া ভোগদখলীকার থাকাকালীন গত ইংরেজী ১৯৯৯ সালে মালদহ ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রীকৃত ৮৬২ নম্বর কোবালা দলিল মূলে রাজেন্দ্র কুমার চৌধুরীকে, ৮৬৩ নম্বর কোবালা দলিল মূলে সরিতা চৌধুরীকে, ৮৬৪ নম্বর কোবালা দলিল মূলে ভরত লাল আগরওয়ালাকে ২২২৩ নং দাগে ৪.৫ শতক সম্পত্তির মধ্যে ০২ শতক সম্পত্তি বিক্রয় করিয়াছি। বর্তমান অবশিষ্ট ২.৫ শতক সম্পত্তিতে অদ্যাবধি ষোলআনা রকমে উত্তম স্বত্বে স্বত্ববান ও ভোগদখলীকার রহিয়াছি। এক্ষণে আমার নানাবিধ বৈধ ও ন্যায়সঙ্গত কারণে অর্থের বিশেষ প্রয়োজন দেখা দেওয়ায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি বিক্রয় করিবার কথা প্রকাশ্যে ঘোষণা করিলে আপনারা তাহা জানিতে পারিয়া খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় বর্তমান সর্ব্বোচ্চ বাজার মূল্য **১,৩০,৪৩৫/-(এক লক্ষ ত্রিশ হাজার চার শত পঁয়ত্রিশ) টাকা** ধার্য্য করতঃ অদ্যরোজ ধার্য্যকৃত মূল্যের টাকা আপনাদের নিকট হইতে বুঝিয়া পাইয়া এবং অত্র খোষকোবালা দলিল আপনাদের বরাবরে লিখিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে স্বত্ব-স্বামীত্ব, হক, লভ্যাদি, ভোগদখল যাহা কিছু ছিল বা বর্তমানেও রহিয়াছে, তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্ণরূপে রদ, রহিত ও লোপ পাইয়া নির্ব্যূঢ় স্বত্বে আপনাদের প্রতি বর্তাইল। আপনারা আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও ভোগদখলীকার হইয়া জমিদারী সেরেস্তায় প্রচলিত নাম খারিজে নিজ নিজ

(অপর পৃষ্ঠা ৩)

নাম জারি করতঃ নির্ধারিত রাজস্ব প্রদানে ও রসিদ গ্রহণে, দান, বিক্রয়, হস্তান্তর, বিনিময় সর্ব প্রকার কর্ম সম্পাদনের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ও ওয়ারিশগণ ক্রমে পরম সুখে শান্তিতে ভোগদখল করিতে থাকুন, ইহাতে আমি কি আমার অন্যান্য ওয়ারিশগণ যদি কেহ কখনও কোন প্রকার দাবী-দাওয়া বা ওজর-আপত্তি করি বা করে তবে সকল ক্ষেত্রে ও সর্ব আদালতে না-মঞ্জুর, বাতিল ও অগ্রাহ্য হইবে। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতিপূর্বে আপনাদের ছাড়া আর কাহারো নিকট দান, বিক্রয়, হস্তান্তর, বিনিময় বা দায়বদ্ধ করি নাই, সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় আপনাদের বরাবরে বিক্রয় করিলাম। আমার স্বত্ব দখলের দোষে বা কৃতকার্য্যের দোষে বিক্রিত সম্পত্তির কিছু অংশ বা সম্পূর্ণ অংশ হইতে যদি আপনারা বে-দখল হন বা বঞ্চিত হন তবে আমি বেদখলীয় বা বঞ্চিত অংশের দখল আমার নিজ ব্যয়ে আপনাদের বরাবরে বুঝাইয়া দিতে বাধ্য থাকিব, সহজে দখল বুঝাইয়া না দিলে আপনারা আদালতের সাহায্যে ক্ষতিপূরণ সহ দখল আদায় করিয়া লইতে পারিবেন। অদ্যকার তারিখে অত্র খোষকোবালা দলিল আপনাদের বরাবরে লিখিয়া দিয়া এবং দখলে প্রতিষ্ঠিত করিয়া চিরকালের জন্য বংশ পরম্পরায় নিঃস্বত্ব হইলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অপরের বিনা অনুরোধে, কাহারো দ্বারা প্রভাবিত না হইয়া নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগণের সম্মুখে মূল্যের সমস্ত টাকা আপনাদের নিকট হইতে গ্রহণ করিয়া এবং অত্র দলিলের লিখিত বিষয় সমূহ পড়িয়া, শুনিয়া ও ইহার সারমর্ম সম্যক রূপে জ্ঞাত হইয়া অত্র খোষকোবালা দলিলে আমি দাতা নিজ নাম সহি সম্পাদন করিলাম। ইতি তাং- ইংরেজী ০১/১১/২০১৯ তারিখ মোতাবেক বাংলা ১৪২৬ সনের ১৪ই কার্ত্তিক, রোজ শুক্রবার।

(তপশীল অপর পৃষ্ঠা- ৪)

-ঃ <u>তপশীল সম্পত্তি</u> ঃ-

জেলা ও এ.ডি.এস.আর. অফিস - মালদহ, থানা - ইংরেজবাজার, মৌজা - উত্তর যদুপুর, জে.এল.নং - ৮৮, খতিয়ান নং - ৩৮৩ (তিন শত তেরাশি) ও ১৪৪৪ (চৌদ্দ শত চুয়াল্লিশ) ।

| আর.এস. ও এল.আর. দাগ নং | রকম | পরিমাণ |
| --- | --- | --- |
| **২২২৩ (বাইশ শত তেইশ)** | **নামা** | **৪.৫ শঃ মধ্যে ২.৫ (দুই দশমিক পাঁচ) শতক** |

ভূ-সম্পত্তি বিক্রয় করিলাম। হারাহারি খাজনার যোগ্য, রায়তি স্থিতিবান স্বত্ব। সেরেস্তায় এল.আর. দৃষ্টে চিত্তরঞ্জন মন্ডল দিং নামে খাজনা জমা প্রচলিত । জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে মালদহ কালেকটর বাহাদুর। **বিক্রীত সম্পত্তির চৌহদ্দি :-** উত্তরে - গ্রহীতাগনের জমি, দক্ষিণে - একই দাগের জায়গা, পূর্বে - গ্রহীতাগনের জমি এবং পশ্চিমে - রেলওয়ের জলাভূমি হইতেছে।

Rajmohak Caren

<u>মুসাবিদাকারক</u> ঃ-

Bhanu ch. ghosh.

(ভানু চন্দ্র ঘোষ)

এ্যাডভোকেট, মালদা

এনরোলমেন্ট নং-এফ-২৬/১৩৩৭/৯৮

<u>কম্পিউটার কারক</u>

সুজিত কর্মকার

(সুজিত কর্মকার)

কোর্ট কম্পাউন্ড, মালদহ।

<u>ইসাদী</u>

Bhim Prosad Saha
S/o late - Jagal Prosad Saha.
P.S. Road.
E.B.
Malda.

<u>ইসাদী</u>

Prabin Kumar Banthia
S/o Late Fate Chand Banthia
N.S. Road, Malda

# ADDITIONAL SHEET

NO.



Left Hand Finger Prints | Right Hand Finger Prints



| কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলী | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|---|---|---|---|

স্বাক্ষর [illegible]



Left Hand Finger Prints | Right Hand Finger Prints



| কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলী | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|---|---|---|---|

স্বাক্ষর Lalita Banthia



Left Hand Finger Prints | Right Hand Finger Prints



| কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা | তর্জনী | বৃদ্ধাঙ্গুলী | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|---|---|---|---|

স্বাক্ষর Ritu Banthia